সংবাদ।

তারিখ ১০/৪/৮১
পৃষ্ঠা ............ কলাম ............

728

007

# পাঠ্যবই পাওয়ায় বিভ্রাট

ঠাকুরগাঁ, ৫ই এপ্রিল (নিজস্ব সংবাদদাতা)।--ঠাকুরগাঁ মহকুমার তিনটি থানার প্রাথমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের ছাত্র ছাত্রীদের জন্য একটি মাত্র ডাকঘরের মাধ্যমে বই বিতরণের ব্যবস্থা করা হয়েছে। ফলে দূর দূরান্ত হতে এসে ছাত্র ছাত্রীরা বই সংগ্রহ করতে সমস্যার সম্মুখীন হচ্ছে।

এখানে উল্লেখ্য যে, পীরগঞ্জ রানীশংকৈল ও হরিপুর থানা অঞ্চলের জন্য একমাত্র পীরগঞ্জ সাব-পোষ্ট অফিসের মাধ্যমে বই বিতরণের ব্যবস্থা করা হয়েছে। পীরগঞ্জ সাব পোষ্ট অফিস হতে হরিপুর ও রানীশংকৈলের দূরত্ব ২২ থেকে ৩০ মাইল। এই দীর্ঘ পথ অতিক্রম করে প্রাথমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের কোমলমতি ছাত্রছাত্রীরা বই সংগ্রহ করতে গিয়ে নানাবিধ জটিলতার সম্মুখীন হয়েছে। এই তিন থানার পড়ুয়াদের বইয়ের প্রয়োজন প্রায় ১০ লাখ কপি। কর্তৃপক্ষ সরবরাহ করেছে এপর্যন্ত মাত্র ১ লাখ কপি।